



আপনার স্বাস্থ্য, আপনার নিরাপত্তাঃ কর্মীদের জন্য একটি গাইড

Your health, your safety: A guide for workers

এই তথ্যগুলি ট্রেড ইউনিয়ন কংগ্রেস (টিইউসি) এর সহযোগে হেলথ এন্ড সেফটি এক্সিকিউটিভ (এইচএসই) হতে প্রাপ্ত। এইচএসই একটি সরকারী সংস্থা যা স্বাস্থ্য এবং নিরাপত্তা আইন প্রয়োগ করে এবং উপদেশ ও সহায়তা দিয়ে কর্মীদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যানকে রক্ষা করার জন্য কাজ করে। টিইউসি ৭০ টির বেশী ট্রেড ইউনিয়নের ৬.৫ মিলিয়ন সদস্যের প্রতিনিধিত্ব করে। এটা নিরপেক্ষতা এবং কাজের সুন্দর মানের জন্য অভিযান চালাচ্ছে।

আপনি একজন কর্মচারী হয়ে থাকলে (পূর্ণ- বা খন্ড-কালিন, অস্থায়ী বা স্থায়ী), আপনার অধিকার কি, আপনার নিয়োগকারী হতে আপনার কি আশা করা উচিত, আপনার কি দায়িত্ব আছে এবং সাহায্যের জন্য কোথায় যেতে হবে এই তথ্য তা বর্ণনা করে। এটা আপনার জন্যও প্রয়োজ্য হবে যদি আপনি অভিজ্ঞতার জন্য কর্মরত একজন অল্পবয়সী, একজন শিক্ষানবীশ, চ্যারিটি ওয়ার্কার, ভ্রাম্যমান কর্মী বা গৃহকর্মী হয়ে থাকেন।

আপনি একজন অস্থায়ী, ক্যাজুয়াল, বা এজেন্সী কর্মী যেই হন না কেন, কর্মসংস্থান ব্যবসা/এজেন্সী, গ্যাংমাস্টার, কন্ট্রাক্টর বা ভাড়াকারী যাদের জন্য আপনি কাজ করছেন তাদের একটি আইনগত দায়িত্ব আছে এটা নিশ্চিত করা যে আপনি এখানে স্থির করা অধিকারগুলি পাচ্ছেন।

আপনার অধিকার আছেঃ

- এমন একটি জায়গায় কাজ করা যেখানে আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তার সকল ঝুঁকি যথাযথভাবে নিয়ন্ত্রিত।
- যদি আপনি মনে করেন আপনি বিপদগ্রস্থ তাহলে কাজ বন্ধ করার এবং এলাকা ছেড়ে চলে যাওয়ার।
- স্বাস্থ্য এবং নিরাপত্তার বিষয় বা উদ্বেগগুলি আপনার নিয়োগকারীকে জানানোর।
- এইচএসই বা আপনার স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার যদি এখনো আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তার উদ্বেগ থেকে থাকে এবং সমস্যায় না পড়ার।
- একটি ট্রেড ইউনিয়নে যোগ দেয়ার এবং একজন নিরাপত্তা প্রতিনিধি হওয়ার।
- আপনি একজন নিরাপত্তা প্রতিনিধি হয়ে থাকলে প্রশিক্ষণের জন্য বেতন সহকারে ছুটি পাওয়ার।
- আপনি একনাগাড়ে ছয় ঘন্টা কাজ করে থাকলে অন্ততঃ ২০ মিনিটের জন্য একটি বিশ্রাম এর সময় পাওয়ার এবং বেতন সহ একটি বার্ষিক ছুটি পাওয়ার।

আপনাকে অবশ্যইঃ

- নিজের এবং সেসকল মানুষের স্বাস্থ্যের এবং নিরাপত্তার যত্ন নেয়া যারা আপনি যা করেন (বা করেননা) সেজন্য ক্ষতিগ্রস্ত হতে পারে।
- স্বাস্থ্যের এবং নিরাপত্তার ব্যাপারে অন্যদের সহযোগিতা করা, এবং আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তা বা কল্যানের কোন ব্যবস্থায় হস্তক্ষেপ, বা অপচয় না করা।

আপনার নিয়োগকারীকে অবশ্যই আপনাকে বলতে হবেঃ

- চলতি বা প্রস্তাবিত কাজের রীতির কারণে আপনার স্বাস্থ্যের এবং নিরাপত্তার ঝুঁকিগুলির ব্যাপারে।
- কোন বিষয় বা পরিবর্তন যা আপনার স্বাস্থ্যের এবং নিরাপত্তাকে ক্ষতিগ্রস্ত বা প্রভাবিত করতে পারে।
- আপনার কাজ কিভাবে নিরাপদে করতে হবে।
- আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তাকে রক্ষা করতে কি করা হয়েছে।
- কিভাবে প্রাথমিক চিকিৎসা পাওয়া যায়।
- একটি জরুরী অবস্থায় কি করতে হবে।

আপনার নিয়োগকারীকে অবশ্যই বিনামূল্যে ব্যবস্থা করতে হবেঃ

- আপনার কাজ নিরাপদে করার জন্য প্রশিক্ষণ।
- প্রয়োজন অনুসারে কাজে থাকা অবস্থায় আপনার জন্য সুরক্ষা (যেমন কাপড়চোপড়, জুতা, বা বুট, চোখের এবং কানের সুরক্ষা, গ্লাভস, মাস্ক ইত্যাদি)।
- আপনার কাজের কারণে স্বাস্থ্য খারাপ হওয়ার কোন বিপদ থাকলে স্বাস্থ্য পরীক্ষা করা।
- আপনি রাতে কাজ করে থাকলে নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং আপনি কাজ শুরু করার আগে একটি পরীক্ষা।

(দ্রষ্টব্যঃ আপনি প্রকৃতভাবে স্ব-নিয়োজিত হয়ে থাকলে আপনার নিজের প্রাথমিক চিকিৎসা, প্রশিক্ষণ, সুরক্ষার যন্ত্রপাতি এবং স্বাস্থ্য পরীক্ষা ব্যবস্থা করা, এবং আপনার নিজের কাজ করার সময় ঠিক করা আপনার দায়িত্ব।)

আপনার নিয়োগকারীকে অবশ্যই নিচের তথ্য আপনাকে সরবরাহ করতে হবেঃ

- স্বাস্থ্য এবং নিরাপত্তা আইনঃ যা আপনার জানা উচিত। এতে যারা সাহায্য করতে পারবে সেসব লোকের সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য থাকতে হবে।
- তাদের স্বাস্থ্য এবং নিরাপত্তা গীতির বর্ণনা।
- আপনার কাজের জায়গায় একটি হাল নাগাদ এমপ্লয়ার্স লায়বিলিটি/নিয়োগকারীর দায়িত্ব (কমপালসরি ইনস্যুরেন্স/বাধ্যতামূলক বীমা) সার্টিফিকেট (সনদপত্র) দৃশ্যমান থাকতে হবে।

আপনি আপনার স্বাস্থ্য এবং নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন থাকলে কি করতে হবে ?

- উপদেশ বা অভিযোগের জন্য এইচএসই এর ইনফোলাইন (অনুসন্ধান) 08701 545500 নাম্বারে, অথবা টিইউসি'র নো ইওর রাইটস লাইন 0870 600 4882 নাম্বারে ফোন করুন।
- আপনি আপনার জন্য আরও সুবিধাজনক একটি ভাষায় কারো সাথে কথা বলতে চাইলে অনুগ্রহ করে 08701 545500 নাম্বারে ফোন করুন এবং অপারেটরকে ভাষার নাম বলুন।
- স্বাস্থ্য এবং নিরাপত্তা বিষয়ক কারণে আপনি আপনার চাকুরী হারিয়ে থাকলে আপনি একটি এমপ্লয়মেন্ট ট্রাইবুনালে (কর্মসংস্থান আদালত) অভিযোগ করতে সক্ষম হতে পারেন। আপনার ট্রেড ইউনিয়নকে বা স্থানীয় সিটিজেনস এডভাইস ব্যুরোকে উপদেশের জন্য বলতে পারেন।